CENTRAL LIBRARY N.C.COLLEGE

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGHCC-602T(A/B)/177

**TDC (CBCS) Even Semester Exam, 2023**

# BENGALI

( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC-602T (A/B)

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Candidates have to answer *either* from Option—A *or* from Option—B

## OPTION—A

Course No. : BNGHCC-602T (A)

**( সাহিত্যতত্ত্ব ও সমালোচনা )**

( বিশেষ পত্র )

### SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। কখন ও কোথায় অ্যারিস্টটলের জন্ম হয়?

২। প্লেটো কে? তাঁর লেখা একটি গ্রন্থের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। অ্যারিস্টটল অনুকরণ বলতে কী বুঝিয়েছিলেন?

৪। রোমান্টিসিজম বলতে কী বোঝ?

৫। *Lyrical Ballads* কাব্যসংকলনের দুজন কবির নাম লেখো।

৬। ক্লাসিসিজমের সূচনা কখন ও কোথায় হয়েছিল?

৭। দুজন আধুনিকতাবাদী তাত্ত্বিকের নাম উল্লেখ করো।

৮। *The Second Sex* গ্রন্থটি কার লেখা?

৯। তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে নারীবাদকে প্রধানত কয়টি শ্রেণীতে ভাগ করা হয় এবং সেগুলো কী কী?

১০। রবীন্দ্রনাথ দুটি বিশেষ পত্রিকাকে যথাক্রমে প্রভাতসূর্য ও শুকতারা বলে আখ্যা দিয়েছেন। পত্রিকাগুলো কী কী?

১১। 'সারদামঙ্গল' কার লেখা? তার জন্ম কত সালে?

১২। ''কল্পনা এবং কাল্পনিকতা দুইয়ের মধ্যে একটা মস্ত প্রভেদ আছে।'' রবীন্দ্রনাথের অনুসরণে প্রভেদটি নির্ণয় করো।





১৩। বুদ্ধদেব বসুর 'সাহিত্যচর্চা' প্রবন্ধ গ্রন্থটির রচনাসাল ও প্রকাশসাল লেখো।

১৪। 'ছোট্ট রামায়ণ' গ্রন্থটি কার লেখা? বুদ্ধদেব বসুর কোন্ প্রবন্ধে এই নামটি উল্লেখিত হয়েছে?

১৫। শিশুদের যে কোনো দুটি সাহিত্য পত্রিকার নাম লেখো।

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। ট্র্যাজেডির সংজ্ঞা নিরূপণ করে ট্র্যাজেডি ও মহাকাব্যের মধ্যে পার্থক্য নির্ণয় করো।

১৭। ট্র্যাজেডিতে চরিত্রের গুরুত্ব বিষয়ে বিশদ আলোচনা করো।

১৮। রোমান্টিসিজম ও ক্লাসিসিজমের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

১৯। বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের কাব্যধারার কবিদের কাব্যরূপ বিশ্লেষণ করো।

২০। ''নারীচেতনাবাদ এক নয় অনেক''—মন্তব্যটি বিশদ করো।

২১। আধুনিকতাবাদের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। "নির্মল শুভ্র সংযত হাস্য বঙ্কিমই সর্বপ্রথমে বঙ্গ সাহিত্যে আনয়ন করেন।" বঙ্কিমচন্দ্রের হাস্যরস নিয়ে রবীন্দ্রনাথের এই অভিমতটি ব্যাখ্যা করো।

২৩। রবীন্দ্রনাথের অনুসরণে বিহারীলালের কাব্যসৌন্দর্য বিচার করো।

২৪। "রামায়ণের সবচেয়ে বড় সমস্যা রাম চরিত্র।" বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধটি অনুসরণে বক্তব্যটি বিশদ করো।

২৫। বাংলা শিশু সাহিত্য নিয়ে রবীন্দ্রনাথের মতামত সংক্ষেপে নিজের ভাষায় ব্যক্ত করো।





OPTION—B

Course No. : BNGHCC-602T (B)

( পূর্বোত্তর ভারতের বাংলা সাহিত্য )

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ঈশানের পুঞ্জমেঘ' গ্রন্থের প্রকাশক কে? গ্রন্থটি প্রথম কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়েছিল?

২। কবি শক্তিপদ ব্রহ্মচারী যে পত্রিকা সম্পাদনার সঙ্গে যুক্ত ছিলেন, তার নাম কী? কবির প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো।

৩। "অশ্রুমতী রূপালী বরাক
মর্মরিত বসন্তের বাঁশবনে শুয়ে—"

কবি রামেন্দ্র দেশমুখ্য রচিত এই পংক্তি কোন্ কবিতার অন্তর্গত? কবির জন্মসালের উল্লেখ করো।

৪। 'লংতরাই' উপন্যাসের প্রথম প্রকাশকাল কত? সাহিত্যিক বিমল সিংহকে মরণোত্তর কোন্ সম্মানে সম্মানিত করা হয়?

৫। জনজাতীয় জীবনে 'বেই বুনামা' অনুষ্ঠান পালন সম্বন্ধে সংক্ষেপে লেখো।

৬। রিয়াং আদিবাসী জনগোষ্ঠীর নৃত্য-গীতে ব্যবহৃত যে কোনো দুটি বাদ্যযন্ত্রের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৭। 'বরাকের গল্পসংগ্রহ'(১ম খণ্ড) গ্রন্থটি প্রথম কার সম্পাদনায়, কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

৮। গল্পকার বদরুজ্জামান চৌধুরী কোথায় স্থায়ীভাবে বসবাস করেন? তাঁর রচিত পাঠ্য গল্পটির নাম কী?

৯। ''ভুল সত্য কখনও সত্য হয় না মা। পাঠক যে সত্য চায়।'' 'বন্দিনী কথা' গল্পে এই কথাগুলি কে বলেছে? গল্পটি কার রচিত?

১০। 'গুণধরের অসুখ' নাটকের প্রথম প্রকাশকাল-এর উল্লেখ করো। এটি প্রথম কোথায় অভিনীত হয়েছিল?

১১। 'গুণধরের অসুখ' নাটকটি প্রথম কোন্ নাট্যদল অভিনয় করেছিলেন? নাটকটিতে কয়টি দৃশ্য রয়েছে?

১২। 'গুণধরের অসুখ' নাটকে গুণধরের বয়স কত? গুণধর কোন্ ক্লাসের শেষদিনের পরীক্ষা দেয়নি?

১৩। 'হারানো দিন হারানো মানুষ' স্মৃতিকথাটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই স্মৃতিকথায় কয়টি পর্ব রয়েছে?

১৪। সুজিৎ চৌধুরীর পিতা ও মাতার নাম কী?

১৫। 'স্মৃতিকথা'য় উল্লেখিত নদীর নাম কী?





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। ''মানব হৃদয়ের কল্পনেত্রে প্রেম-স্বর্গের মাধুর্যে নিসর্গের রূপকল্প নির্মাণে কবি অশোকবিজয় রাহার কবিকৃতি ছিল অতুলনীয়।'' 'একটি সন্ধ্যা' সম্বন্ধে সমালোচকের এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো।

১৭। ''কবি রামেন্দ্র দেশমুখ্যের 'জন্মভূমি তোমাকে ভুলি না' কবিতায় জন্মভূমির প্রতি আবেগাতুর অনুভূতিতে কবিমনের স্মৃতির দোয়ার বার বার উন্মোচিত হয়েছে।'' উক্তিটি বিশদ করে কবিতাটির শিল্প-সৌন্দর্য বিশ্লেষণ করো।

১৮। ''বনে আমাদের জন্ম বন আমাদের দেবতা। বন আমাদের স্বর্গ-নরক সবকিছু।'' 'লংতরাই' উপন্যাসে আদিবাসী গোষ্ঠীজীবনের যে চালচিত্র উজ্জ্বল হয়ে উঠেছে তার পরিচয় দাও।

১৯। 'লংতরাই' উপন্যাসে পাহাড়িয়া মানুষের জীবনে শ্রেণী শোষণের যে চিত্র ফুটে উঠেছে তা আলোচনা করো।

২০। 'মানুষ' গল্পে মানবজীবনে দারিদ্র্য-যন্ত্রণা এবং এর থেকে মুক্তিলাভের আকাঙ্ক্ষার যে বাস্তব চিত্র স্পষ্ট হয়ে উঠেছে তার পরিচয় দাও।

২১। 'বন্দিনী কথা' গল্পের কথাবস্তু বিশ্লেষণ করে এর সার্থকতার স্বরূপ বিচার করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। ‘গুণধরের অসুখ’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

২৩। ‘গুণধরের অসুখ’ নাটকের গুণধরের বাবা চরিত্রের বিশিষ্টতার সবিশেষ পরিচয় দাও।

২৪। ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে সুজিৎ চৌধুরী গ্রন্থারম্ভে পাইলগাওঁয়ের বিদ্যালয় এবং তার পার্শ্ববর্তী অঞ্চলসমূহের যে বর্ণনা করেছেন এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৫। “বাবার সেই সময়কার মুখের ছবিখানা আমার মনের গভীরে চিরতরে আঁকা রয়ে গেছে।” প্রখ্যাত লেখক সুজিৎ চৌধুরী তার ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থে পিতার জীবনাদর্শ, সামাজিক-সাংস্কৃতিক ও রাজনৈতিক জীবনের যে পরিচয় দিয়েছেন সে বিষয়ে নাতিদীর্ঘ আলোচনা করো।

★★★